# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৫৯৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৯০]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (كتاب الأمور المنهي عنها)

পরিচ্ছেদঃ ২৭৯ : গর্ব ও বিদ্রোহাচরণ করা নিষেধ

(279) بَابُ النَّهْيِ عَنِ الْاِفْتِخَارِ وَالْبَغْيِ

আরবী

وَعَنْ أَبي هُرَيرَةَ رضي الله عنه: أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، قَالَ: «إِذَا قَالَ الرَّجُلُ : هَلَكَ النَّاسُ، فَهُوَ أَهْلَكُهُمْ». رواه مسلم

বাংলা

২/১৫৯৮। আবূ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ’’যে ব্যক্তি [গর্বভরে] বলে, লোকেরা সব ধ্বংস হয়ে গেল, সে তাদের মধ্যে সর্বাধিক বেশি ধ্বংসোন্মুখ।’’ (মুসলিম) [1]

প্রসিদ্ধ বর্ণনা অনুযায়ী [أَهْلَكُهُمْ] ’কাফ’ বর্ণে পেশ হবে। [যার অর্থ হবে: সে তাদের মধ্যে সর্বাধিক বেশি ধ্বংসোন্মুখ।] ’কাফ’ বর্ণে যবর দিয়েও বর্ণনা করা হয়েছে। [যার অর্থ: সেই তাদেরকে ধ্বংস করল।] ’সবাই উচ্ছন্নে গেল বা ধ্বংস হয়ে গেল’ বলা সেই ব্যক্তির জন্য নিষেধ, যে গর্বভরে সকলকে অবজ্ঞা করে ও নিজেকে সর্বশ্রেষ্ঠ ভেবে ঐ কথা বলে। এটাই হল হারাম। কিন্তু কোন ব্যক্তি যদি লোকদের মধ্যে দ্বীনদারীর অভাব প্রত্যক্ষ করে দ্বীনী আবেগের বশীভূত হয়ে দুঃখ প্রকাশ করার মানসে ঐ কথা মুখ থেকে বের করে, তাহলে তাতে কোন ক্ষতি নেই। উলামাগণ এরূপই ব্যাখ্যা দিয়েছেন। উক্ত ব্যাখ্যাকারী উলামাগণের মধ্যে ইমাম মালেক ইবনে আনাস, খাত্ত্বাবী, হুমাইদী [রহঃ] প্রমুখের নাম উল্লেখযোগ্য। আমি আমার ’আযকার’ নামক গ্রন্থে তার উপর আলোকপাত করেছি।

## English

(279) Chapter: Prohibition of Arrogance and Oppression

Abu Hurairah (May Allah be pleased with him) said:
The Messenger of Allah (ﷺ) said, "When a person says: 'People have been ruined, he is the one to be ruined the most."'

[Muslim]

In another version: "He himself is the most ruined among them."

Commentary: This Hadith prohibits a Muslim from saying the statement in the Hadith or something similar to it out of arrogance and pride. There is no harm, however, if one says it in view of the bad state of affairs to which Muslims have been reduced as a result of, for example, neglecting the teachings of Islam. Of the religious scholars, who hold this view, are Imam Malik bin Anas, Imam Al-Khattabi, Al-Humaidi and others. This point has been made clear in Imam An-Nawawi's Al-Adhkar.

## ফুটনোট

[1] মুসলিম ২৬২৩, আবূ দাউদ ৪৯৮৩, আহমাদ ৮৩০৯, ৯৬৭৮, ১০৩১৯, মুওয়াত্তা মালিক ১৮৪৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=28044

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন